# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩২১

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৩৫. দুধ

بَاب اللَّبَنِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، عَنْ جَعْفَرِ بْنِ بُرْدٍ الرَّاسِبِيِّ، حَدَّثَتْنِي مَوْلاَتِي أُمُّ سَالِمٍ الرَّاسِبِيَّةُ، قَالَتْ سَمِعْتُ عَائِشَةَ، تَقُولُ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ إِذَا أُتِيَ بِلَبَنٍ قَالَ ‏ "‏ بَرَكَةٌ أَوْ بَرَكَتَانِ ‏"‏ ‏.‏

বাংলা

১/৩৩২১। আয়েশা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট দুধ আনা হলে তিনি বলতেনঃ এক অথবা দু’ বরকত।

## English

I heard ‘Aishah say:
“The Messenger of Allah (ﷺ) would say, when milk was brought to him: ‘A blessing,’ or ‘Two blessings.’”

ফুটনোট

আহমাদ ২৪৬০০, যইফাহ ৪১৬৪।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী যায়দ ইবনুল হুবাব সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আলী ইবনুল মাদীনী ও উসমান বিন আবু শায়বাহ তাকে সিকাহ বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২০৯৫, ১০/৪০ নং পৃষ্ঠা) ২. উম্মু সালিম আর-রাসিবী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুলাহ। ইমাম যাহাবী তার মীযান গ্রন্থে বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। তার থেকে জা'ফার বিন বুরদ এককভাবে হাদিস বর্ণনা করেছেন ও তাকে কেউ সিকাহ বলেননি। (তাহযীবুল কামালঃ রাবী নং

৭৯৭৯, ৩৫/৩৬২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44285

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন